

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
কমলগঞ্জ, মৌলভীবাজার।

স্মারক নং- ৩২.০১.৫৮৫৬.০০০.২৩.০৫৩.১৮. ৩০৬

তারিখ : ১৮ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ .
০১ ফেব্রুয়ারী ২০২৬ খ্রি.

বিষয় : ফেব্রুয়ারী/২০২৬ খ্রি. মাসের ভিডলিউবি কার্যক্রমের আওতায় চাল এর ছাড়পত্র প্রদান প্রসঙ্গে।

সূত্র : ৩২.০১.০০০০.০০৮.০২.২২৭.২৫.১০৬৩, তারিখ : ২৪/১২/২০২৫ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে ভিডলিউবি কার্যক্রমের আওতায় জুলাই/২০২৫ হতে জুন/২০২৭ পর্যন্ত চক্রের নিম্ন বর্ণিত ইউনিয়নের অনুমোদিত তালিকাভুক্ত দুঃস্থ মহিলাদের মধ্যে বিতরণের নিমিত্ত ফেব্রুয়ারী/২০২৬ খ্রি. মাসের জন্য বরাদ্দকৃত চাল ইউনিয়ন ওয়ারী উপ বরাদ্দ প্রদান করা হলো। উপ বরাদ্দকৃত চাল এর ছাড়পত্র অনুযায়ী সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের নামে সরবরাহ করার জন্য তাকে অনুরোধ করা হলো।

ক্রঃ নং	ইউনিয়নের নাম	চেয়ারম্যানগণ/প্রশাসনিক কর্মকর্তার নাম	কার্ড সংখ্যা	বরাদ্দকৃত চাল (মেঃ টন)	বিতরণের তারিখ
০১	রহিমপুর ইউনিয়ন	জনাব সিতাংশু কর্মকার, (প্যানেল চেয়ারম্যান-২)	২০৭ জন	৬.২১০ মেঃ টন	২২/০২/২০২৬
০২	পতনউষার ইউনিয়ন	জনাব আলি আহমদ খান	১৩১ জন	৩.৯৩০ মেঃ টন	২২/০২/২০২৬
০৩	মুন্সিবাজার ইউনিয়ন	জনাব নাহিদ আহমেদ তরফদার	১০৪ জন	৩.১২০ মেঃ টন	২৩/০২/২০২৬
০৪	শমশেরনগর ইউনিয়ন	জনাব মোঃ রকিবুল হক, উপজেলা আইসিটি অফিসার ও প্রশাসক, শমশেরনগর ইউনিয়ন পরিষদ	১৯১ জন	৫.৭৩০ মেঃ টন	২৪/০২/২০২৬
০৫	কমলগঞ্জ ইউনিয়ন	জনাব আমিনা বেগম, চেয়ারম্যান (ভারপ্রাপ্ত)	১২২ জন	৩.৬৬০ মেঃ টন	২৪/০২/২০২৬
০৬	আলীনগর ইউনিয়ন	জনাব নির্জনা আক্তার, চেয়ারম্যান (ভারপ্রাপ্ত)	১৭৩ জন	৫.১৯০ মেঃ টন	২৫/০২/২০২৬
০৭	আদমপুর ইউনিয়ন	জনাব মোঃ আবদাল হোসেন	১৬১ জন	৪.৮৩০ মেঃ টন	২৩/০২/২০২৬
০৮	মাধবপুর ইউনিয়ন	জনাব শিব নারায়ণ শীল, (প্যানেল চেয়ারম্যান-১)	১৭১ জন	৫.১৩০ মেঃ টন	২৩/০২/২০২৬
০৯	ইসলামপুর ইউনিয়ন	জনাব মোঃ নুরুল হক, (প্যানেল চেয়ারম্যান-২)	১৬৯ জন	৫.০৭০ মেঃ টন	২৫/০২/২০২৬
	মোট ৯ টি ইউনিয়ন		১৪২৯ জন	৪২.৮৭০ মেঃ টন	

শর্তাবলী :

- ১। খাদ্য শস্য বিতরণ কার্যক্রম ভিডলিউবি কার্যক্রমের বাস্তবায়ন নির্দেশিকা অনুসরণ করতে হবে।
- ২। প্রতি দুঃস্থ মহিলাকে প্রতি মাসে ৩০ (ত্রিশ) কেজি প্যাকেটজাত চাল বিতরণ করতে হবে।
- ৩। খাদ্য শস্য বিতরণকালে ত্রাণ তদারকি কর্মকর্তার উপস্থিতি নিশ্চিত করতে হবে।
- ৪। ভিডলিউবি কার্যক্রমের খাদ্য শস্য বিতরণের ০৩ দিনের মধ্যে প্রতিবেদন ও মাস্টার রোল নিরীক্ষার জন্য অত্র কার্যালয়ে ত্রাণ তদারকি কর্মকর্তার স্বাক্ষর পূর্বক দাখিল করতে হবে।
- ৫। প্রত্যেক মাসের বরাদ্দকৃত খাদ্য নির্ধারিত তারিখে উত্তোলন ও বিতরণ করতে হবে। চাল বিতরণের সময় উপকারভোগীকে প্রতিমাসের জন্য জনপ্রতি ২২০/- (দুইশত বিশ টাকা মাত্র) হারে সঞ্চয় নিজ নামীয় ব্যাংক হিসাবে জমা করতঃ জমারশিদ প্রদর্শন করতে হবে।

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
কমলগঞ্জ, মৌলভীবাজার।

(মোঃ আসাদুজ্জামান)
উপজেলা নির্বাহী অফিসার

ও
সভাপতি
উপজেলা ভিডলিউবি বিতরণ কমিটি
কমলগঞ্জ, মৌলভীবাজার।

স্মারক নং- ৩২.০১.৫৮৫৬.০০০.২৩.০৫৩.১৮. ৩০৬

তারিখ : ১৮ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ .
০১ ফেব্রুয়ারী ২০২৬ খ্রি.

অনুলিপি : সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।

- ১। উপজেলা নির্বাহী অফিসার, কমলগঞ্জ, মৌলভীবাজার।
- ২। চেয়ারম্যান/প্রশাসক, রহিমপুর/পতনউষার/মুন্সিবাজার/শমশেরনগর/কমলগঞ্জ/আলীনগর/আদমপুর/মাধবপুর/ইসলামপুর ইউ.পি। তাকে অনুমোদিত তালিকা অনুযায়ী ফেব্রুয়ারী/২০২৬ খ্রি. মাসের চাল ত্রাণ তদারকি কর্মকর্তার উপস্থিতিতে বিতরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।
- ৩। ও ত্রাণ তদারকি কর্মকর্তা, রহিমপুর/পতনউষার/মুন্সিবাজার/শমশেরনগর/কমলগঞ্জ/আলীনগর/আদমপুর/মাধবপুর/ইসলামপুর ইউ.পি। তাহাকে উল্লেখিত তারিখে যথাসময়ে উপস্থিত থেকে ভিডলিউবি কার্যক্রমের চাল বিতরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।
- ৪। ইউনিয়ন প্রশাসনিক কর্মকর্তা, ইউনিয়ন পরিষদ (সকল), কমলগঞ্জ, মৌলভীবাজার।
- ৫। অফিস কপি।

(মধুছন্দা দাস)
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
ও
সদস্য সচিব
উপজেলা ভিডলিউবি বিতরণ কমিটি
কমলগঞ্জ, মৌলভীবাজার।